সমকাল

18.JAN.2017
৪ 2

# কারিগরি শিক্ষা বোর্ডের মেডিকেল টেকনোলজি কোর্স বন্ধের দাবি

■ **সমকাল প্রতিবেদক**

কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় পরিচালিত মেডিকেল টেকনোলজি ও ফার্মেসি কোর্স বন্ধ করাসহ পাঁচ দফা দাবি বাস্তবায়নে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন বেকার মেডিকেল টেকনোলজিস্ট ও ফার্মাসিস্টরা।

বেকার অ্যান্ড প্রাইভেট সার্ভিসেস মেডিকেল টেকনোলজিস্ট অ্যাসোসিয়েশন (বিপিএসএমটিএ) এবং বাংলাদেশ বেকার ডিপ্লোমা ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন (বিবিডিপিএ) নামে দুটি সংগঠনের ব্যানারে গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত সভায় নেতারা এ আহ্বান জানান।

তাদের দাবিগুলোর মধ্যে রয়েছে– বেকার টেকনোলজিস্ট ও ফার্মাসিস্টদের সরকারি চাকরিতে নিয়োগ প্রদান ও নতুন পদ সৃষ্টি, মেডিকেল টেকনোলজি ও ফার্মেসি কোর্স আগের মতো চার বছরে বহাল রাখা, ডিপ্লোমা ফার্মাসিস্টদের উচ্চ শিক্ষার ব্যবস্থা করা এবং ডিপ্লোমা এডুকেশন বোর্ড চালু করা। সংগঠনের নেতাদের মধ্যে সভায় বক্তৃতা করেন জহিরুল ইসলাম, সিরাজুল ইসলাম, আলমগীর রহমান, আফরোজ আলী, আবদুল জলিল, আবদুল হালিম, সাকিল উদ্দিন, মাহমুদুল হাসান প্রমুখ।